1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Rule [illegible] duly stamped (or exempt from [illegible]) under the Indian Stamp Act 1899. Schedule I A No. ........ Fees Paid ........

-: শুভ দানপত্র :-

দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০ (বার হাজার পাঁচশত)টাকা ।

| দানপত্র গ্রহীতা :- | দানপত্র দাতা :- |
|---|---|
| শ্রী অলোক কুমার দাস, পিতা শ্রী পঞ্চানন দাস, জাতি- হিন্দু, পেশা- ব্যবসায়ী, সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর, থানা : বারাকপুর, জেলা-উত্তর- ২৪ পরগণা । | শ্রী পঞ্চানন দাস, পিতা মৃত ক্ষেত্র মোহন দাস, জাতি- হিন্দু, পেশা- অবসর ভোগী, সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর, থানা- বারাকপুর, জেলা-উত্তর ২৪- পরগণা । |

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা- উত্তর ২৪পরগণা, থানা- বারাকপুর, এ্যাডিসনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস

২পাতা-

Panchanan Das

Panchanan Das

1.2.93.

Panchanan Das

Panchanan Das

Alok Kumar Dey

Amit Kr. Neogi

Amit Kumar Neogi

1.2.93.

200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु.

Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



ব্যারাকপুর, উত্তর ব্যারাকপুর পৌর সভার এলাকাধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২, ১১০ ও ১১৬ নং খতিয়ান ভুক্ত ৩৬৩।৮৬৮ ও ৩৩৬ নং দাগে মাপজুরং ৬ কাঠা ১ ছটাক ৩১ বর্গফুট বাস্তু জমি সহ তদুপরিস্থিত পুরাতন গৃহাদি সহ যাবতীয় সুসাজ পাঠ সম্পত্তি আমি এবং ভ্রাতা পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে অন্যের বিনা স্বত্ব সত্ত্বে নির্ব্যূঢ় স্বত্ব ষোল আনা রকমে মালিক চিহ্নিত হইয়া স্থানীয় পৌর সভায় ও মালিক সেরেস্তায় নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি আদায় দিয়া ভোগ দখলিকার আছি।

এক্ষণে আমার বয়োবৃদ্ধি হওয়ায় সমস্ত বিষয় আশয় হইতে মুক্ত হওয়ার সুতাধিক মনস্থ করিয়া আমি এবং ভ্রাতা আমার উক্ত সম্পত্তিকে চারিটি ভাগে

ওপাত।-

60 Rs.






ভাগ করিয়াছি। তুমি অত্র গ্রহীতা আমার কনিষ্ঠ পুত্র হইতেছ। তুমি আমাকে অতিশয় ভক্তি শ্রদ্ধা ও সেবা যত্নাদি করিয়া আসিতেছ। আশারাখি ভবিষ্যতেও তুমি আমাকে বর্তমানের ন্যায় ভক্তি শ্রদ্ধা করিবে এবং আমার ভরন পোষনের দায়িত্ব গ্রহন করিবে। তোমার ব্যবহারে আমি অতিশয় সন্তুষ্ট ও প্রীত। তোমার প্রতি সন্তুষ্টির কারনে এবং উক্ত সম্পত্তি লইয়া ভবিষ্যতে যাহাতে কোনরূপ বাদ, বিসংবাদ না ঘটে তজ্জন্য উক্ত চারিভাগের একভাগ যাহা নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি ও যাহা অত্র সংলগ্ন নকশায় লাল বর্নের রেখা দ্বারা চিহ্নিত ও বেষ্টিত রহিয়াছে ও যাহা 'ডি' লট রূপে নির্দেশিত তাহা এতদ্বারা তোমাকে দান করত: এবং অদ্য হইতে অত্র দানকৃত সম্পত্তিতে তোমাকে খাস দখল দিয়া উহা হইতে আমি মায় অপরাপর পুত্র, পৌত্রাদি

৪পাতা-

50 Rs.

पचास रुपये

भारत

INDIA

५०रू. FIFTY RUPEES 50RS.



ওয়ারিশানগণক্রমে এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এই দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, সত্য, প্রাপ্য, হক, হকিয়ৎ অধিকারাদি ছিল বা আছে আর তৎসমুদয় অদ্য হইতে এই দানপত্র মূলে তোমাতে - বর্তাইল বা তোমার হইল। তুমি অদ্য হইতে এই দানপ্রাপ্ত সম্পত্তি তোমার সম্পূর্ন নিজাধিকারে লইয়া আমার বর্তমান ক্ষমতার ন্যায় আপন ইচ্ছামতে উহা দান, বিক্রয়, ইত্যাদি সকল প্রকার হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে এবং উহার নিমিত্ত আপন নাম স্থানীয় পৌর সভা ও উপযুক্ত সেরেস্তায় পত্তন করতঃ ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি প্রদানে এই দানকৃত সম্পত্তি যথেচ্ছামতে ব্যবহারে তুমি ও তোমার ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে, তাহাতে কস্মিনকালেও কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিবে না। যদি করি কিম্বা করে তাহা হইলে

-৫ পাতা-

Panchanan Bos



তাহাও সর্ব্বত্র , সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

প্রকাশ থাকে যে, অত্র সংলগ্ন নকশায় প্রদর্শিত মোট সম্পত্তির পশ্চিম পার্শ্বের ৮১ ফুট ৪ ইঞ্চি লম্বা ও সম্মুখে ৭ ফুট ও কিছু পশ্চাৎ হইতে ৬ ফুট চওড়া কমন প্যাসেজ , উত্তর পার্শ্বের কিয়ৎ অংশের ৪ ফুট চওড়া কমন প্যাসেজ ও মধ্যস্থলে ৪ ফুট চওড়া কমন প্যাসেজ সকল অংশীদারগণ ওয়ারিশানগণক্রমে কমন হিসাবে - ব্যবহার করিবে ।ইহাতে কদাপি কাহারও কোন আপত্তি চলিবে না । আর

আরো প্রকাশ থাকে যে, আমার মোট সম্পত্তির মধ্যে তোমার দানপ্রাপ্ত অংশের যে সকল পার্শ্বে অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে কিংবা কমন প্যাসেজ রহিয়াছে সেই সকল পার্শ্বে অন্য কাহারও বিনা আপত্তিতে ওয়ারিশানগণক্রমে স্থানীয় পৌরসভার আইন অনুযায়ী কোন জায়গা না ছাড়িয়াই ভবিষ্যতে যে কোনরূপ নির্ম্মান কার্য্য করিতে পারিবে । কিন্তু সেক্ষেত্রে কমন প্যাসেজের পার্শ্ব ছাড়া অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশের পার্শ্বে কোনরূপ দরজা কিংবা জানলা ফুটাইতে কিংবা বসাইতে পারিবে না । অন্যদিকে তোমার প্রাপ্ত অংশের যে সকল পার্শ্বে অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে সেই সকল পার্শ্বে সেই অংশীদারগণ নিজ নিজ প্রাপ্ত অংশে পৌর সভার আইন অনুযায়ী ওয়ারিশানগণক্রমে ভবিষ্যতে কোনরূপ জায়গা না ছাড়িয়া নির্ম্মান কার্জ্য করিতে পারিবে । তাহাতে তুমি ওয়ারিশানগণক্রমে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিবে না, করিলেও তাহা সর্ব্বত্র, নামঞ্জুর

৬পাতা-

Panchanan Das

বলিয়া গণ্য হইবে । তবে সেক্ষেত্রেও অন্যান্য অংশীদারগণ সেই সকল পার্শ্বে কোনরূপ দরজা বা জানলা ফুটাইতে কিংবা বসাইতে পারিবেনা । সকল অংশীদারগণনই আমার সমস্ত সম্পত্তির মধ্যে যে কমনড্রেন রহিয়াছে ও কিংবা থাকিবে তাহা কমন রূপে সকল অংশীদারগণই ওয়ারিশানগণক্রমে ব্যবহার করিতে থাকিবে । সম্পত্তির কমন ড্রেন ও কমন প্যাসেজ গুলির সংস্কার ও পরিচ্ছন্ন রাখিবার ব্যয় সকল অংশীদারগণ সমভাবে বহন করিতে বাধ্য থাকিবে । তুমি অত্র দানপত্র গ্রহীতা তোমার নিজ নামে অত্র দান কৃত সম্পত্তিতে নিজ ব্যয়ে জলের লাইন, টেলিফো ন লাইন কিংবা বৈদ্যুতিক লাইন ইত্যাদি অন্যের বিনা আপত্তিতে প্রয়োজনে কমন প্যাসেজের মাধ্যমে আনিতে পারিবে ।

আরো প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, ইত্যাদি প্রকারে হস্তান্তর করি নাই বা উহা হস্তান্তরের নিমিত্তে কাহারও সহিত কোন প্রকার চুক্তিতে আবদ্ধ হই নাই কিংবা বায়না গ্রহন করি নাই বা উহাতে অপর কোন শরিক অংশীদার নাই বা উহা কোন প্রকারেই দায় সংযোগ করি নাই । সম্পূর্ন নির্দায় , নির্দোষ মুক্তাবস্থায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি তোমাকে এতদ্বারা দান করিলাম । দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০ . (বার হাজার পাঁচশত)টাকা ধার্য্য করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, সজ্ঞানে, স্থির চিত্তে, অন্যের বিনা অনুরোধে এবং কাহারও প্রভাবে প্রভাবিত না হইয়া অত্র দানপত্রে লিখিত সকল



Scanned with CamScanner

কথার মর্মার্থ সমস্ত বুঝিয়া ও সঠিক ভাবে লেখা হইয়াছে জানিয়া আমি নিম্ন লিখিত সাক্ষীগনের সম্মুখে অত্র দানপত্রে আপন নাম সহি সম্পাদন করিলাম ।

ইতি তাং বাং ১৩৯৯ সালের ১৮ই মাঘ, ইং তাং ১৯৯৩ সালের ১লা ফেব্রুয়ারী ।

তফশীল উক্ত দানকৃত সম্পত্তির পরিচয় :-
..........................................

জেলা- উত্তর ২৪পরগনা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস বারাকপুর, পৌর সংস্থা উত্তর বারাকপুর অধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২, খতিয়ান নং ১১৫(একশত পনের) ও ১১৬ (একশত ষোল) উক্ত, ৫৬৫ ।৮৬৮ (পাঁচশত পয়ষট্টির বাটা আটশত আটষট্টি) ও ৫৫৬ (পাঁচশত ছাপান্ন) নং দাগে অত্র সংলগ্ন নকশায় লাল বর্নের রেখা দ্বারা সীমাবদ্ধ ও লট' ডি' রূপে বিশেষ ভাবে চিহ্নিত মাপজুরং কমবেশী ১(এক) কাঠা ৪(চার) ছটাক ৪৪(চুয়াল্লিশ)বর্গফুট বাস্তু জমি তায় অবস্থিত পুরাতন গৃহাদি তায় অত্র সহ নকশায় প্রদর্শিত কমন প্যাসেজ ড্রেন ইত্যাদি কমন রূপে ব্যবহারের স্বত্বাদি সহ যাবতীয় সুসাজ পাঠ সম্পত্তি এতদ্বারা দানকৃত সম্পত্তি হইল। যাহা উত্তর বারাকপুর পৌর সভার ২২নং ওয়ার্ডের ৮৬নং হোল্ডিংযুক্ত সম্পত্তি হইতেছে । অত্র সহ সংলগ্ন নকশাও দানপত্রের একাংশ বলিয়া গন্য হইবে ।

চৌহদ্দী :- উত্তরে :- লট' বি' উক্ত সম্পত্তি।
....... দক্ষিনে :- কিয়দ অংশে এস:এন:ব্যানার্জী রোড ও কিয়দ অংশে কালী - মন্দির ।
পূর্বে :- ৪ ফুট প্রশস্থ কমন প্যাসেজ
পশ্চিমে:- ৬ ফুট প্রশস্থ কমন প্যাসেজ ।

৮পাতা-

Scanned with CamScanner

আমি অত্র দানপত্র গ্রহীতা আমার পিতৃদেব কর্তৃক উপরোক্ত দানকৃত সম্পত্তি সানন্দে গ্রহণ করিলাম ও উহাতে খাস দখল দিলাম ।

Alok Kumar Das

**মুসাবিদা কারক :-**

শম্ভু অধিকারী,

(শ্রী শম্ভু অধিকারী)

এ্যাডভোকেট,

বারাকপুর কোর্ট।

**সাক্ষী :-**

১) Dwarnath Ray
S/o Lt. Shew Bachan Ray
Minerva Road
Barrackpore.

২) Amit Kumar Neogi
S/o Late Banabehari Neogi
J.N. Banerjee Road,
Dhobi Ghat, Barrackpore
Dist - 24 Pgs (North)

**টাইপ কারক :-**

চন্দন চক্রবর্তী,

(শ্রী চন্দন চক্রবর্তী)

বারাকপুর কোর্ট।